

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

1973 সালের পুনর্বাসন আইনের (একটি ফেডারেল আইন) সেকশন 504 এবং [চ্যাম্বেলরের প্রবিধান A-710](#)-এর অধীনে আপনার সন্তান স্কুলে এবং DOE-এর বিভিন্ন প্রোগ্রাম ও কর্মকাণ্ডে স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা অন্যান্য যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা পেতে পারে। এই পরিষেবাগুলো বিশেষ স্বাস্থ্যগত চাহিদায়ুক্ত শিক্ষার্থীকে তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে সমভাবে অংশগ্রহণ করতে স্পেশাল স্বাস্থ্যগত চাহিদা পূরণে সহায়তা করে। উদাহরণস্বরূপ: চিকিৎসাগত চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের স্কুলে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের নির্দেশনা অনুযায়ী তাদের ঔষধ দেয়া হতে পারে, অথবা যেসব শিক্ষার্থীর দেখতে অথবা শুনতে অসুবিধা হয় তাদেরকে শিক্ষকের বা ব্ল্যাকবোর্ডের কাছাকাছি বসানো হতে পারে।

**আপনার সন্তান পরিষেবা এবং/অথবা বিশেষ সুবিধা লাভের যোগ্য কিনা তা কীভাবে জানবেন:**

1. উল্লেখিতদের একজনের সাথে যোগাযোগ করুন:

- আপনার সন্তানের স্কুলের 504 কোঅর্ডিনেটর বা প্রিন্সিপ্যাল;
- সেকশন 504 প্রোগ্রাম ম্যানেজারের সাথে [504Questions@schools.nyc.gov](mailto:504Questions@schools.nyc.gov) ঠিকানায়।  
আপনার সন্তানের নাম, স্কুল, ও ক্লাস উল্লেখ করুন এবং আপনার সন্তানের স্বাস্থ্যগত পরিস্থিতি ও তার চাহিদার ধরন বর্ণনা করুন।

2. আপনার সন্তানের স্কুলের 504 কোঅর্ডিনেটর বা প্রিন্সিপ্যাল কীভাবে আপনার সন্তানের পরিষেবার জন্য আবেদন করতে হবে তা ব্যাখ্যা করবেন।

3. আপনি আবেদন করার পর আপনার সন্তান পরিষেবা এবং/অথবা বিশেষ সুবিধা ব্যবস্থার জন্য যোগ্য কি না, সেটা নির্ণয়ের জন্য স্কুল আপনার আবেদন পর্যালোচনা করবে। আপনার পূরণ করা 504 রিকোয়েস্ট ফর্ম পাওয়ার 5 স্কুল দিবসের মধ্যে আপনি স্কুলে আপনার সন্তানের চাহিদা নিয়ে আলোচনার আমন্ত্রণ জানিয়ে একটি 504 টিম মিটিং-এর নোটিস পাবেন। অনুরোধকৃত পরিষেবার উপর ভিত্তি করে 504 রিকোয়েস্ট ফর্ম পূরণ করার 15 থেকে 30 স্কুল দিবসের মধ্যে মিটিংটি অবশ্যই অনুষ্ঠিত হতে হবে।

সংযুক্ত [504 অ্যাকোমোডেশন্স: স্টুডেন্ট অ্যান্ড ফ্যামিলি গাইড](#) এবং [নোটিস অভ নন-ডিসক্রিমিনেশন আন্ডার সেকশন 504](#) আপনার সন্তানের অধিকার সম্পর্কে আরও বিস্তারিত তথ্য দেবে। এসব তথ্য-সংস্থানের পাশাপাশি চ্যাম্বেলরের প্রবিধান A-710 এবং সংশ্লিষ্ট ফর্মগুলো <https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations>-এ পাওয়া যাবে।

আপনার কোনো প্রশ্ন থাকলে, কিংবা আপনার সন্তানের DOE বা DOE-এর নয় এমন পাঠ্যক্রম বহির্ভূত কর্মসূচিতে সুযোগ পাওয়া নিয়ে যদি আপনার উদ্বেগ থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার 504 অর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন বা [504Questions@schools.nyc.gov](mailto:504Questions@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

আন্তরিকভাবে,

---

504 কোঅর্ডিনেটর

প্রিন্সিপ্যাল